গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাটুরিয়া, মানিকগঞ্জ

স্মারক নং- ০৫.৩০.৫৬৭০.০০০.২০.০০৩.২৫-০৮ তারিখঃ ০৫/০১/২০২৬ খ্রি.

# "ইজারা বিজ্ঞপ্তি"

সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সাটুরিয়া উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল/পুকুরসমূহ বাংলা ১৪৩৩ হতে বাংলা ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ ১৪৩৩ হতে ৩০ শে চৈত্র ১৪৩৫ বাংলা সন) সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকায় (Calender Year) নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তাধীনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

## সময়সূচী

| অনলাইনে ইজারার আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
|---|---|
| ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ১৫ জানুয়ারি ২০২৬ খ্রি. থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ জানুয়ারি ২০২৬ খ্রি. | ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. হতে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. পর্যন্ত ০৩(তিন) কার্য দিবসের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) |

## সাটুরিয়া উপজেলার বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সনের ইজারাযোগ্য খাস পুকুরের তালিকা

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়ন | তফসিল | | বার্ষিক ইজারা মূল্য | ০৩ বছরের ইজারা মূল্য | ইজারার মেয়াদ (বাংলা সন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | | | | |
| ০১ | খল্লি ধানকোড়া খাস পুকুর (রেকর্ডে ১.২৬ একর থাকলেও সরেজমিনে ০.২৫৫৫ একর পুকুর আছে। | ধানকোড়া | খল্লি ধানকোড়া | ৩৪৪৬ | ১৩,৪১৪/- | ৪০,২৪১/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ০২ | পৌলশুরা খাস পুকুর (০.৯১একর) | দিঘলীয়া | পৌলশুরা | ২১৩ | ৬২,৮৬০/- | ১,৮৮,৫৮০/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ০৩ | পৌলশুরা বিল (১.০০একর) | দিঘলীয়া | পৌলশুরা | ৬৮৪ ৮৫০ | ৫২,২৫০/- | ১,৫৬,৭৫০/- | ১৪৩৩-১৪৩৫ | কচুরীপানায় পরিপূর্ণ |
| ০৪ | কৈজুরী খাস পুকুর (০.২০একর) | সাটুরিয়া | কৈজুরী | ৪০২ | ১১,০৬০/- | ৩৩,১৮০/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ০৫ | ধুল্যা খাস পুকুর-০১ (০.২৪একর) | সাটুরিয়া | ধুল্যা | ৩৫৬ | ১৩,৩০০/- | ৩৯,৯০০/- | ১৪৩৩-১৪৩৫ | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০৬ | ঘিওর খাস পুকুর (০.৩৮একর) | সাটুরিয়া | ঘিওর | ৩২৫ | ১৯,৯৫০/- | ৫৯,৮৫০/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ০৭ | বালিয়াটি খাস পুকুর-০২ (০.৭৭একর) | বালিয়াটি | বালিয়াটি | ১০১৩ | ৪০,৪২৫/- | ১,২১,২৭৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ০৮ | বালিয়াটি খাস পুকুর-০৩ (১.২৪একর) | বালিয়াটি | বালিয়াটি | ১৪১০ | ৭৫,০৭৫/- | ২,২৫,২২৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ০৯ | বালিয়াটি খাস পুকুর-০৪ (১.৫৭একর) | বালিয়াটি | বালিয়াটি | ১৪১২ | ৮৪,০০০/- | ২,৫২,০০০/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১০ | হাতকোড়া খাস পুকুর (১.৫৫একর) | বালিয়াটি | হাতকোড়া | ২০৮ | ৯৬,২৫০/- | ২,৮৮,৭৫০/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১১ | বাগবাড়ী খাস পুকুর (০.৭২একর) | বালিয়াটি | বাগবাড়ী | ২৩১ | ৩৯,৭২৫/- | ১,১৯,১৭৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১২ | ভাটারা খাস পুকুর-০১ (০.২৬একর) | বালিয়াটি | ভাটারা | ১০৯ | ১৭,৮৮৫/- | ৫৩,৬৫৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১৩ | ভাটারা খাস পুকুর-০২ (০.২৮একর) | বালিয়াটি | ভাটারা | ৪৫১ | ১৯,২৮৫/- | ৫৭,৮৫৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১৪ | জাজিরা পুকুর-০১ (০.০৯একর) | বালিয়াটি | জাজিরা | ১০১ | ৪,৭২৫/- | ১৪,১৭৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১৫ | জাজিরা পুকুর-০২ (০.১৩একর) | বালিয়াটি | জাজিরা | ১০৭ | ৬,৮২৫/- | ২০,৪৭৫/- | ১৪৩৩-১৪৩৫ | - |
| ১৬ | জগন্নাথপুর খাস পুকুর-০২ (০.১২একর) | বালিয়াটি | জগন্নাথপুর | ৩০২ | ৬,৬৫০/- | ১৯,৯৫০/- | ১৪৩৩-১৪৩৫ | - |

‘‘দরপত্রের তফসিল”

| দরপত্র আহ্বানের পর্যায় (ম্যানুয়ালি) | দাখিলকৃত আবেদনের কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ২য় পর্যায়<br>২৪-০২-২০২৬ থেকে ০৪-০৩-২০২৬ | ২য় পর্যায়<br>২৪-০২-২০২৬ থেকে ০৪-০৩-২০২৬ (অফিস চলাকালীন সময়ে) |
| ৩য় পর্যায়<br>০৮-০৩-২০২৬ থেকে ১২-০৩-২০২৬ | ৩য় পর্যায়<br>০৮-০৩-২০২৬ থেকে ১২-০৩-২০২৬ (অফিস চলাকালীন সময়ে) |

"ইজারার শর্তাবলী"

১. আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/ সম্পাদককে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩.জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.saturia.manikganj.gov.bd ও www.acl.saturia.manikganj.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল ও এ কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫. আবেদনের সকল তথ্যাদির কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ২০ % ব্যাংক ড্রাফট/প্রে-অর্ডার মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৬. দরপত্র সিডিউল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাটুরিয়া অথবা সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয়, সাটুরিয়া, মানিকগঞ্জ হতে দরপত্র দাখিলের দিন পর্যন্ত অফিস চলাকালে ক্রয় ও নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাটুরিয়া এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৪.০০ ঘটিকার সময় দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৭.আবেদনের সীলগালাকৃত মুখবন্ধ খামে প্রাপ্ত কপি চূড়ান্ত কপি হিসেবে বিবেচিত হবে অর্থাৎ পরবর্তীতে অতিরিক্ত কোন কাগজপত্র সংযুক্ত করা যাবে না।

৮.আবেদনের সময় উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।

৯.জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী প্রার্থীগণ দরপত্র দাখিলের সময় ইজারা মূল্যের কমপক্ষে ২০% বিডি (ব্যাংক ড্রাফট/প্রে-অর্ডার) এবং প্রতিবছর ১৫ চৈত্রের মধ্যে পরবর্তী বছরের ইজারা মূল্য, ভ্যাট ও আয়কর জমা প্রদার করতে বাধ্য থাকবেন।

১০.নির্ধারিত মূল্যের উপর সর্বোচ্চ বৈধ দরপত্র দাতাকে জলমহাল ইজারা দেওয়া হবে। তবে একাধিক দরপত্রে হার সমান হলে লটারির মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।

১১.ইজারা গ্রহীতা জলমহালের দখল পাওয়ার পূর্বে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ খরচে চুক্তি সম্পাদনপূর্বক ইজারা দেওয়া হবে।

১২.গৃহীত ইজারাদারের দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর ইজারা মূল্যের সাথে আলাদা ভাবে এককালীন পরিশোধ করতে হবে।

১৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারার সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যেকোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধান ও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪. বাংলা ১৪৩৫ বঙ্গাব্দের ৩০ শে চৈত্র পর্যন্ত ইজারাকৃত জলমহাল/পুকুরের ইজারা বলবৎ থাকবে। ইজারাকৃত জলমহাল/পুকুরের কোন ক্ষতি সাধন করা যাবে না, সাবলীজ দেওয়া যাবে না, জলমহাল/পুকুরের শ্রেণী পরিবর্তন করা যাবে না এবং মৎস্য চাষ ছাড়া অন্য কোন কাজে এই জলমহাল/পুকুর ব্যবহার করা যাবে না। শর্তাবলি ভঙ্গ বা অন্য কোন কারণে কর্তৃপক্ষ ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

১৫.কর্তৃপক্ষ কোনরুপ কারন দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ ইকবাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাটুরিয়া, মানিকগঞ্জ।

স্মারক নং- ০৫.৩০.৫৬৭০.০০০.২০.০০৩.২৫-০৮/১(২৭) তারিখঃ ০৫/০১/২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

ক) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

খ) পুলিশ সুপার, মানিকগঞ্জ।

গ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ।

ঘ) প্রশাসক, উপজেলা পরিষদ, সাটুরিয়া, মানিকগঞ্জ।

ঙ) উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ

চ) সহকারী কমিশানার (ভূমি), সাটুরিয়া, মানিকগঞ্জ।

ছ) উপজেলা.................................কর্মকর্তা, সাটুরিয়া, মানিকগঞ্জ।

জ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাটুরিয়া থানা, মানিকগঞ্জ।

ঝ) চেয়ারম্যান/প্রশাসক, .................................. ইউনিয়ন পরিষদ, সাটুরিয়া, মানিকগঞ্জ।

ঞ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................. ইউনিয়ন ভূমি অফিস, সাটুরিয়া, মানিকগঞ্জ। তাকে বহুল প্রচার পূর্বক S/R দাখিল করার জন্য বলা হলো।

ট) ..........................................................................................................

ঠ) অফিস কপি।

০৫/০১/২০২৬

(মৌমিতা গুহ ইভা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাটুরিয়া, মানিকগঞ্জ।